দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

95

## অনশনে বহু অসুস্থ ॥ হাসপাতালে ভর্তি

# শিক্ষকদের সাথে সরকারের আলোচনা ভেঙ্গে গেছে

**স্টাফ রিপোর্টার ॥** বেসরকারী শিক্ষকদের আন্দোলনে সৃষ্ট অচলাবস্থা নিরসনের জন্য সরকারের সঙ্গে গতকাল (বৃহস্পতিবার) লিয়াজোঁ কমিটি নেতৃবৃন্দের যে আলোচনা শুরু হয় তা ভেঙে গেছে। শ্রম ও জনশক্তি মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়ার মিন্টু রোডস্থ সরকারী বাসভবনে বিকালে এই আলোচনা শুরু হয়।

সাড়ে ছয় ঘন্টা আলোচনার পর সরকারের পক্ষ থেকে আরও সময় চাওয়া হয়। লিয়াজোঁ কমিটি নেতৃবৃন্দ আজ দুপুর ১২টা পর্যন্ত সময় বেধে দিয়ে বলেছেন, এ সময়ের

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## শিক্ষকদের সাথে (প্রথম পাতার পর)

মধ্যে সরকারের পক্ষ থেকে গ্রহণযোগ্য প্রস্তাব না এলে উদ্ভূত সকল পরিস্থিতির দায়-দায়িত্ব সরকারকেই বহন করতে হবে। নেতৃবৃন্দ গভীর রাতে অবস্থান স্থলে ফিরে আসেন। আন্দোলন অব্যাহত রয়েছে। এদিকে অনশন পরিস্থিতি গতকাল আরও নাজুক অবস্থায় পৌঁছে। সন্ধ্যা ছ'টা পর্যন্ত অসুস্থ হয়ে পড়েন ১৬৫ জন। পূর্বদিন অসুস্থ হন ১২৪ জন। সন্ধ্যা পর্যন্ত গুরুতর অসুস্থ ৬ জনকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির অন্যতম আহ্বায়ক মোঃ কামরুজ্জামানও রয়েছেন। অনশনকারী ১৫ জন মহিলাকেও হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালে ভর্তি হওয়ার ৮/১০ জনের অবস্থা আশঙ্কাজনক।